মেহেরপুরে একুশের প্রথম প্রহরে শহীদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি

একুশের প্রথম প্রহরে মেহেরপুরের ড. শহীদ সামসুজ্জোহা পার্কের কেন্দ্রীয় শহীদ মিনারের বেদিতে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন জেলা প্রশাসকসহ বিভিন্ন স্তুরের মানুষ।

একুশের প্রথম প্রহর রাত ১২ টা ১ মিনিটে রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরের শ্রদ্ধা নিবেদনের মধ্যে দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন শুরু হয়।

পরে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার উজ্জল কুমার রায়, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শেখ বখতিয়ার উদ্দিন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ ড. এ.কে.এম নজরুল কবির, জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম জাকারিয়া, সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, বিএনপি চেয়ারপারসনের নিরাপত্তা টিমের পরিচালক (সমন্বয়) ক্যাপ্টেন (অব.) গনী উল আজম, জেলা বিএনপির পক্ষে সভাপতি জাবেদ মাসুদ মিল্টন, সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান জেলা বিএনপির পক্ষে, জেলা জামায়াতের পক্ষে রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন ও সেক্রেটারি ইকবাল হোসেন। পরে বিভিন্ন রাজনৈতিক ও সরকারি বেসরকারি বিভিন্ন দপ্তর প্রধানরা স্ব স্ব প্রতিষ্ঠান ও সংগঠণের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

মুজিবনগরে মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে শহীদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি অর্পন

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।দিবসটি উপলক্ষে বুধবার রাতের প্রথম

প্রহরে ১২.১ মিনিটে শহীদ বেদীতে রাষ্টের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী ভারপ্রাপ্ত অফিসার নাজমুস সাদাত রন্ত ও উপজেলা চেয়ারম্যান জীয়াউদ্দীন বিশ্বাস।

এর পরে মুজিবনগর থানার পক্ষে অফিসার ইনচার্জ উজ্জ্বল দত্ত,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন এর নেতৃত্বে জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ, উপজেলা যুবলীগ,উপজেলা সেচ্ছাসেবকলীগ এর সহ সভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবক লীগ, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, ছাত্রলীগের পক্ষে মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজের নেতৃত্বে মোনাখালী ইউনিয়ন পরিষদ, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদীকা তাহমিনা খাতুনের নেতৃত্বে যুব মহিলা লীগের, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে মহাজনপুর ইউনিয়ন পরিষদ, মুজিবনগর উপজেলার ইয়াং বাংলা ফিউচার লিডার সভাপতি হাসানুজ্জামান লালটুর নেতৃত্বে ইয়াং বাংলা ফিউচার লিডার, সহ আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ পুষ্পার্ঘ অর্পণ করেন ।

এছাড়াও বিভিন্ন সামাজিক রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এবং শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

মুজিবনগরে প্রথম প্রহরে শহীদ বেদিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন

রাষ্টের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস ও উপজেলা চেয়ারম্যান জীয়াউদ্দীন বিশ্বাস।

পূষ্পমাল্য অর্পন করেন মুজিবনগর থানার পক্ষে অফিসার ইনচার্জ

মেহেদি রাসেল,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন এর নেতৃত্বে জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ, উপজেলা যুবলীগ ,উপজেলা সেচ্ছাসেবকলীগ এর সহ সভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবক লীগ, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, ছাত্রলীগের পক্ষে মোনাখালি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন এর নেতৃত্বে ইউনিয়ন পরিষদ, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজের নেতৃত্বে মোনাখালী ইউনিয়ন পরিষদ, মুজিবনগর উপজেলার সভাপতি হাসানুজ্জামান লালটুর নেতৃত্বে ইয়াং বাংলা ফিউচার লিডার, সহ আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ পুষ্পার্ঘ অর্পণ করেন ।

এছাড়াও বিভিন্ন সামাজিক রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এবং শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।